

মো. আবদুল মান্নান

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

ঐর

সংক্ষিপ্ত পরিচিতি

জনাব মো. আবদুল মান্নান ১৫ নভেম্বর ১৯৬২ খ্রি. তারিখে কিশোরগঞ্জ জেলার কটিয়াদি উপজেলাধীন চান্দপুর গ্রামে একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম আলহাজ্ব মো. ছিদ্দিক হোসেন এবং মাতা মরহুমা আয়েশা আক্তার খাতুন। তাঁর সহধর্মিণী মরহুমা কামরুন নাহার। ব্যক্তিগত জীবনে তিনি দুই পুত্র এবং এক কন্যা সন্তানের জনক। মেয়ে ডাঃ যারীন তাসনিম এবং বড় ছেলে ডাঃ ইমতিয়াজ আবদুল্লাহ পেশায় চিকিৎসক। ছোট ছেলে ইশতিয়াক জবিউল্লাহ বর্তমানে নটরডেম কলেজ, ঢাকায় অধ্যয়নরত।

শিক্ষা জীবন

তিনি কিশোরগঞ্জ জেলার ঐতিহ্যবাহী গুরুদয়াল সরকারি কলেজ থেকে কলেজ জীবন সম্পন্ন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে বি.এস.এস (অনার্স) এবং এম.এস.এস ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ডিপ্লোমা-ইন-এডুকেশন ডিগ্রি অর্জন করেন।

প্রশাসনিক অভিজ্ঞতা

মাঠ প্রশাসন

জনাব মো. আবদুল মান্নান একজন ক্যারিয়ার সিভিল সার্ভেন্ট। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৮ম ব্যাচের একজন সফল কর্মকর্তা। তিনি মাঠ প্রশাসনের প্রায় সকল পদে দক্ষতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলাপ্রশাসক হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি ২০১০-২০১৪ সাল পর্যন্ত জেলাপ্রশাসক হিসেবে যথাক্রমে ব্রাহ্মণবাড়িয়া ও চট্টগ্রাম জেলায় জনপ্রিয়তা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি চট্টগ্রাম বিভাগের বিভাগীয় কমিশনার পদেও (২০১৭-২০১৯ খ্রি. পর্যন্ত) সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

বাংলাদেশ সচিবালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়

চাকরি জীবনের ধারাবাহিকতায় তিনি বিভিন্ন পদাধিকারী হিসেবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে কাজ করেন। এছাড়া তিনি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক এবং মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও রাজনৈতিক উপদেষ্টার একান্ত সচিব হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে দায়িত্ব পালন করেন। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম হিসেবে পদায়নের পূর্বে তিনি যুগ্মসচিব এবং অতিরিক্ত সচিব হিসেবে বাণিজ্য মন্ত্রণালয়ে দীর্ঘ সময় দায়িত্ব পালন করেন।

তিনি ০৯ জুন, ২০২০ খ্রি. তারিখ হতে ০৪ এপ্রিল, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ হিসেবে দায়িত্ব পালন করছেন। ইতোপূর্বে তিনি ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান (সচিব) হিসেবে ২৭ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখ হতে ০৮ জুন ২০২০ খ্রি. তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। বিগত ১১ এপ্রিল, ২০২১ খ্রি. তারিখ হতে তিনি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

প্রশিক্ষণ

তিনি দেশে ও বিদেশে অসংখ্য প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। তন্মধ্যে উল্লেখ্য, বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স, বিপিএটিসি; বাংলাদেশ মিলিটারী একাডেমী (বিএমএ); সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ; কম্পিউটার কোর্স; MATT কোর্স ইত্যাদি।

পদক ও সম্মাননা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য কমিশন কর্তৃক আয়োজিত ‘আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০১৯’ এ শ্রেষ্ঠ বিভাগীয় কমিশনার হিসেবে তিনি ‘তথ্য অধিকার পদক’ প্রাপ্ত হন। তিনি বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম হিসেবে দায়িত্ব পালনকালীন বাংলাদেশে অবস্থানকারী মিয়ানমার থেকে বলপূর্বক বাস্তবচ্যুত প্রায় দশ লক্ষ রোহিঙ্গা নাগরিকের সার্বিক কার্যক্রম তদারকি ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে গঠিত জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের (Joint Working Group) ডেপুটি টিম লিডার (Deputy Team Leader) হিসেবে দায়িত্ব পালন করেন।

বিদেশ ভ্রমণ/ শর্ট কোর্স

বিশ্বের বিভিন্ন দেশে তিনি কৃতিত্বের সাথে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য- যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ইতালি, রাশিয়া, সুইজারল্যান্ড, নেদারল্যান্ডস, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, কম্বোডিয়া, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, ভারত, নেপাল, চীন, ফিলিপাইন ও মিয়ানমার।

উল্লেখযোগ্য প্রকাশনা

একজন সুলেখক এবং কথা সাহিত্যিক হিসেবে দেশের বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় নিয়মিত তাঁর সাহিত্য বিষয়ক গল্প ও নিবন্ধ প্রকাশিত হয়। তাঁর প্রকাশিত মুক্তিযুদ্ধ বিষয়ক গল্পগ্রন্থ ‘অন্তরালে দৃশ্যপট’ ‘পালক পাবলিসার্স’ থেকে ২০১২ সালে, দ্বিতীয় গল্পগ্রন্থ ‘সফ্রেটিসের জল্পাদ’ ‘আগামী প্রকাশনী’ থেকে ২০১৬ সালের একুশের বইমেলায় প্রকাশিত হয়। তাঁর গল্প অবলম্বনে ২০১৫ সালে মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক ‘অন্ত্যোষ্টিক্রিয়া’ বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত হয় এবং একই গল্প ২০১৯ সালে তথ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত হয়ে মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র নির্মাণের জন্য সরকারি অনুদান প্রাপ্ত হয়েছে। তাছাড়া তাঁর সম্পাদনায় সাহিত্য পত্রিকা ব্রাহ্মণবাড়িয়া ও চট্টগ্রাম থেকে যথাক্রমে ‘সরোদ’ এবং ‘সাম্পান’ নামে প্রকাশিত হয়। ২০১৮ সালে অমর একুশে বইমেলায় ‘পাঠক সমাবেশ’ থেকে প্রকাশিত হয় ‘দুই বর্ণ’ এবং সর্বশেষ ২০২০ সালের একুশের বইমেলায় ‘অন্যপ্রকাশ’ বের করে তাঁর গল্পগ্রন্থ ‘কেবলই পেছনে তাকাই’।

সামাজিক কর্মকাণ্ড

শিল্প, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক নানা সংগঠনের সাথে তিনি একনিষ্ঠভাবে জড়িত আছেন। যেমন: সদস্য, বাংলা একাডেমী; জীবন সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন; জীবন সদস্য, রাষ্ট্রবিজ্ঞান এলামনাই এসোসিয়েশন; জীবন সদস্য, চট্টগ্রাম রাইফেল ক্লাব; ইতোপূর্বে অফিসার্স ক্লাব ঢাকা’র নির্বাহী কমিটির নির্বাচিত সদস্য ও যুগ্ম সম্পাদক; নির্বাহী সদস্য, বৃহত্তর ময়মনসিংহ সমিতি, ঢাকা; প্রতিষ্ঠাতা, গ্র্যাজুয়েট ক্লাব ও লাইব্রেরি মানিকখালী, কিশোরগঞ্জসহ আরো একাধিক ক্লাব ও সমিতির প্রতিষ্ঠাতা এবং উপদেষ্টা হিসেবে তিনি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন।

**Brief life portrait of
Md. Abdul Mannan**

Secretary, Ministry of Textile and Jute

Mr. Md. Abdul Mannan was born in 15th November, 1962 in a distinguished Muslim family of Chandpur village under Katiadi Upazila of Kishoreganj district. His father is late Alhaj Md. Siddique Hossain and mother is late Ayesha Akter Khatun. His wife Mrs. Kamrun Nahar passed away very recently. He has one daughter and two sons. His daughter Dr. Zarin Tasneem and eldest son Dr. Imtiaz Abdullah are physicians while the youngest son Ishtique Jabiullah is currently studying in Notre Dame College, Dhaka.

Education:

He completed BSS (Honors) and MSS degree from Department of Political Science under the University of Dhaka. Before that, he studied in the famous Gurudoyal Government College of Kishoreganj. Apart from these, he has a degree in Diploma-in-Education from the same University.

Field Administration:

An officer of BCS'86 batch (Administration) cadre, Md. Abdul Mannan has made his outstanding carrier with vast field experience. Throughout his career, he served in almost all positions in field administration with utmost honesty, sincerity and dignity. Mr. Mannan started his journey in the civil service as Assistant Commissioner & Magistrate and then worked various position as Upazila Nirbahi Officer(UNO), Additional District Magistrate, Additional Deputy Commissioner in the field administration. In his dazzling working tenure, he served as the Deputy Commissioner of Brahmanbaria and Chattogram district from 2010-2014 with huge reputation and exceptional popularity. He also worked successfully as the Divisional Commissioner of Chattogram Division from 2017 to 2019.

Bangladesh Secretariat and Prime Minister's Office:

He worked in the Ministry of Housing and Public works, Local Government Division, Ministry of Power, Energy and Mineral Resources, Ministry of Social Welfare, Ministry of Women and Children Affairs of the Government of the People's Republic of Bangladesh. He worked as Director in Rajdhani Unnoyon Kartripakkha (RAJUK) and had the honor to work as Private Secretary to the Education and Political Advisor to the Honorable Prime Minister of Bangladesh. In addition to these, he served long time in the Ministry of Commerce as Joint Secretary as well as Additional Secretary before working as Divisional Commissioner in Chattogram.

He took over the charge of the Secretary of the Health Services Division, Ministry of Health and Family Welfare on 9 June, 2020. Before joining as Secretary, Health Services Division, Ministry of Health and Family Welfare he worked as Chairman (Secretary) Land Reforms Board (LRB) from 27.01.20 to 08.06.2020. He is working as secretary in the Ministry of Textile and Jute since 11th April 2021.

Training:

He participated in numerous training courses at home and abroad. Notable courses among them are - Foundation Training Course at BPATC, Bangladesh Military Academy (BMA) Orientation Training, Survey and Settlement Training course, Computer Course, MATT Course etc.

Medals and Honors:

He received the 'Right to Information Medal' as the best Divisional Commissioner of Bangladesh on the occasion of 'International Information Rights Day-2019' organized by the Information Commission of the Government of the People's Republic of Bangladesh. He relentlessly coordinated the humanitarian activities for nearly one million Rohingya people who were forcefully pushed in Bangladesh from Myanmar and worked as the Deputy Team Leader of the Joint Working Group (JWG) of the Ministry of Foreign Affairs.

Foreign Travel/Short Course:

He has successfully represented Bangladesh in various countries of the world. Some of the notable countries he visited are - The United Kingdom, The United States of America, Indonesia, South Korea, India, Singapore, Italy, Nepal, China, Russia, Malaysia, Cambodia, Philippines, Myanmar, Switzerland, Netherlands, etc.

Notable Publications:

As a prominent contemporary writer with exceptional thinking and rare brilliance, he regularly publishes short stories and articles in the country's most circulated daily newspapers. '*Ontorale Drisshopot*', a storybook (collection of short stories) based on our liberation war was published from 'Palak Publishers' in 2012. His second book 'Socrateser Jollad' was published in 2016 at the Ekushey Book Fair from 'Agami Prokashoni'. The liberation war related drama 'Onteshtikriya' was telecasted in BTV in 2015 which was based on his story and got government funding in 2019 with recommendation from the Ministry of Information to make a movie. Besides, his Literary Papers 'Sarod' and 'Shampan' were published from Brahmanbaria and Chittagong respectively. 'Dui Borno' was published by 'Pathok Samabesh' at Amar Ekushey Book Fair in 2018 and 'Kebole Pechone Takai' published by renowned 'Onnoy Prokash' in

2020. In the last Amar Ekushe Book Fair, two other books namely ‘Punascha Proshason’ and ‘Chutir dine boi’ were published by ‘Pathok Somabesh’.

Social activities:

His involvement in social and cultural activities gained popularity among different angles of the society. He held notable positions as- Life Member, Bangla Academy; Life Member, Dhaka University Alumni Association; Life Member, Political Science Alumni Association, Life Member, Chittagong Rifle Club, Former elected member and Joint Secretary to the Executive Committee of Officers’ Club, Dhaka; Executive Vice Chairman, Greater Mymensingh Samity, Dhaka; and Founding Joint Secretary of ‘Graduate Club and Library’ of Manikkhali, Kishoreganj.